গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া
www.nabinagar.brahmanbaria.gov.bd

তারিখ ঃ ১৫ মাঘ ১৪২৬
২৯ জানুয়ারি ২০২০

স্মারক নং-০৫.৪২.১২৮৫.০১.২৪.০০৩.২০২০- ৭১

হাট-বাজার ও খেয়াঘাট(নৌকাঘাট) ইজারা (১ম, ২য় ও ৩য়) বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, ঢাকা এর ২১ সেপ্টেম্বর, ২০১১ খ্রিঃ তারিখের ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১-৮৭০নং স্মারকে জারিকৃত নীতিমালা মোতাবেক ব্রাহ্মণবাড়িয়া জেলার নবীনগর উপজেলাধীন হাট-বাজার ও খেয়াঘাটসমূহ (নৌকা ঘাট) ১৪২৭ বাংলা সনের ইজারা নিতে ইচ্ছুক ব্যক্তিবর্গের নিকট হতে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

পর্যায়	দরপত্র বিক্রয় শুরু ও শেষ তারিখ এবং সময়	দরপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র খোলার তারিখ ও সময়	মন্তব্য
১	২	৩	৪	৫
১ম পর্যায়	০৯/০২/২০২০ হতে ১৬/০২/২০২০ খ্রিঃ অফিস চলাকালীন সময়	১৭/০২/২০২০ খ্রিঃ বেলা ১২-৩০টা পর্যন্ত	১৭/০২/২০২০ খ্রিঃ বেলা ০১-০০টা	
২য় পর্যায়	১৮/০২/২০২০ হতে ২৪/০২/২০২০ খ্রিঃ অফিস চলাকালীন সময়	২৫/০২/২০২০ খ্রিঃ বেলা ১২-৩০টা পর্যন্ত	২৫/০২/২০২০ খ্রিঃ বেলা ০১-০০টা	
৩য় পর্যায়	২৬/০২/২০২০ হতে ০৪/০৩/২০২০ খ্রিঃ অফিস চলাকালীন সময়	০৫/০৩/২০২০ খ্রিঃ বেলা ১২-৩০টা পর্যন্ত	০৫/০৩/২০২০ খ্রিঃ বেলা ০১-০০টা	

১৪২৭ বাংলা সনের হাট-বাজার ও খেয়াঘাট(নৌকাঘাট) ইজারার শর্তাবলী ঃ

১) বাংলা ১৪২৭ বাংলা সনের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১(এক) বৎসর মেয়াদ কালের জন্য হাট-বাজার ও খেয়াঘাট(নৌকাঘাট) ইজারা দেয়া হবে।

২) দরপত্র সিডিউল নির্ধারিত নগদ মূল্যে (অফেরত যোগ্য) উপরে বর্ণিত তফসিলে উল্লিখিত তারিখ মোতাবেক অফিস চলাকালীন সময় জেলা প্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া, নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়, উপজেলা ভূমি অফিস, নবীনগর, নবীনগর থানা, সোনালী ব্যাংক লিঃ, নবীনগর শাখা হতে ক্রয় করা যাবে।

৩) দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ৩০ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, নবীনগর এর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং অবশিষ্ট ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহিতা নিয়মিত হাট-বাজার ও খেয়াঘাট নিজ খরচে পরিষ্কার করবেন এর ব্যত্যয় ঘটলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হবে।

৪) দরপত্রসমূহ তফসিলে বর্ণিত তারিখ ও সময়ে জেলা প্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া, পুলিশ সুপারের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নবীনগর ও উপজেলা ভূমি অফিস, নবীনগর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে জমা দেয়া যাবে এবং ঐ দিন দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে।

৫) যার দরপত্র গৃহিত হবে, তিনি পত্র প্রাপ্তির ০৭(সাত) কার্য দিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫%(শতকরা ৭৫ ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের অতিরিক্ত ৫% আয়কর এবং ১৫% ভ্যাট(মূল্য সংযোজনকর) অবশ্যই এক সংগে পরিশোধ করতে হবে। অন্যথায় বাজার/খেয়াঘাটের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৬) প্রাপ্ত দরপত্রের মধ্যে সর্বোচ্চ দরপত্র গ্রহণ করা হবে এবং উক্ত দরপত্র যদি সংশ্লিষ্ট হাট-বাজার ও খেয়াঘাট এর পূর্ববর্তী ৩(তিন) বছরের গড় ইজারা মূল্য (সরকারি মূল্য) হতে কম হয় তাহলে পুনরায় দরপত্র আহবান করা হবে। ২য় বার দরপত্র আহবান করা সত্ত্বেও যদি প্রাপ্ত সর্বোচ্চ দর পূর্ববর্তী ৩(তিন) বছরের গড় ইজারা মূল্য হতে কম হয় তাহলে ইজারা প্রদানের কার্যক্রম কাংখিত ইজারা মূল্য না পাওয়া পর্যন্ত অব্যাহত থাকবে।

৭) এক বাজার/খেয়াঘাটের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য বাজার/খেয়াঘাটের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রি করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় অন্তর্ভূক্ত বাজার/খেয়াঘাটের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

৮) খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও বাজার/খেয়াঘাটের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৯) সরকার অনুমোদিত টোল রেট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজার/খেয়াঘাটের দৃশ্যমান একাধিক স্থানে চার্ট টাঙ্গিয়ে প্রচার করবেন।

১০) প্রত্যেক বাজার/খেয়াঘাটের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

১১) ইজারাদার কোনক্রমেই বাজার/খেয়াঘাট অন্যের নিকট সাবলীজ দিতে পারবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তির শর্ত লংঘন করা হয় তাহলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১২) ইজারার সমস্ত অর্থ (আয়কর, ভ্যাটসহ) পরিশোধের তিন কার্য দিবসের মধ্যে ৩০০(তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১৩) দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ এবং একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৪) ইজারাদার নিজ খরচে বাজার/খেয়াঘাট পরিষ্কার পরিচ্ছন্ন রাখবেন।

১৫) ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৬) কোন প্রকার ঘষামাজা, কাটাকাটি, লেখা উপর লেখা দরপত্র গ্রহণ যোগ্য হবে না।

১৭) নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার/খেয়াঘাট ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তন পূর্বক বাকি অর্থ ইজারাদারকে ফেরত প্রদান করা হবে।

১৮) হাট-বাজার/খেয়াঘাট ইজারার অনাদায়ি টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা হবে।

১৯) দরপত্রের তফসিলে বর্ণিত পর্যায় তারিখে কোন হাট-বাজার/খেয়াঘাটের ইজারা সম্পন্ন হলে ঐ বাজার/খেয়াঘাটের জন্য পরবর্তী ইজারার বিষয়টি প্রযোজ্য হবে না।

২০) কর্তৃপক্ষ কোন কারণ দর্শনো ব্যতিরেখে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।

২৯/০১/২০২০

(মোহাম্মদ মাসুম)
উপজেলা নির্বাহী অফিসার
নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া
ফোন ঃ ০৮৫২৫-৭৫২২০
Email: unonabinagar1@gmail.com

১৪২৭ বাংলা সনে ইজারাযোগ্য হাট-বাজার/খেয়াঘাটের তালিকা ঃ

ক্রমিক নং	হাট-বাজার/ খেয়াঘাটের নাম	ইউনিয়নের নাম	১৪২৭ বাংলা সনের সরকারি মূল্য	দরপত্র মূল্য (অফেরত যোগ্য)
১	২	৩	৪	৫
১.	শ্রীঘর বাজার	বড়িকান্দি	১৬,০০,০০০/-	৩,৮০০/-
২.	বাইশমৌজা বাজার	বীরগাঁও	১৩,২০,০০০/-	৩,৪০০/-
৩.	সলিমগঞ্জ বাজার	সলিমগঞ্জ	২২,২৫,০০০/-	৫,২০০/-
৪.	মানিকনগর বাজার	শ্যামগ্রাম	৮১,০০০/-	৫০০/-
৫.	শ্যামগ্রাম বাজার	শ্যামগ্রাম	৫৫,০০০/-	৫০০/-
৬.	বাঙ্গরা গরু বাজার	জিনদপুর	৪৭,০০০/-	৫০০/-
৭.	বাঙ্গরা তোহা বাজার	জিনদপুর	৫,০০০/-	৫০০/-
৮.	জিনদপুর বাজার(২)	জিনদপুর	৫৬,০০০/-	৫০০/-
৯.	জিনদপুর তোহা বাজার	জিনদপুর	৬,০০০/-	৫০০/-
১০.	বিচঘর বাজার	বিটঘর	১৯,০০০/-	৫০০/-
১১.	বড়াইল বাজার	বড়াইল	২০,০০০/-	৫০০/-
১২.	গোসাইপুর বাজার	বড়াইল	১৪,০০০/-	৫০০/-
১৩.	রছুল্লাবাদ বাজার	রছুল্লাবাদ	৫,০০০/-	৫০০/-
১৪.	কৃষ্ণনগর বাজার	কৃষ্ণনগর	২,৫০০/-	৫০০/-
১৫.	থানার কান্দি বাজার	কৃষ্ণনগর	৫,০০০/-	৫০০/-
১৬.	কাইতলা বাজার	কাইতলা(দঃ)	৬ ,০০০/-	৫০০/-
১৭.	শিবপুর বাজার	শিবপুর	১৭,৫০০/-	৫০০/-
১৮.	বাঘাউড়া বাজার	শিবপুর	৫,০০০/-	৫০০/-
১৯.	বিদ্যাকুট বাজার	বিদ্যাকুট	৫,০০০/-	৫০০/-
২০.	মেরকুটা বাজার	বিদ্যাকুট	৫,০০০/-	৫০০/-
২১.	থানারকান্দি খেয়াঘাট	কৃষ্ণনগর	১,২০,০০/-	১,০০০/-
২২.	বাঙ্গরা খেয়াঘাট	জিনদপুর	৫,০০০/-	৫০০/-
২৩.	গোসাইপুর খেয়াঘাট	বড়াইল	৯,০০০/-	৫০০/-
২৪.	টানচারা খেয়াঘাট	লাউরফতেপুর	২,০০০/-	৫০০/-
২৫.	পাগলা নদী খেয়াঘাট (বাইশমৌজা)	বীরগাঁও	২০,০০০/-	৫০০/-
২৬.	চুণ্ডরিয়া বাজার	সাতমোড়া	৫,০০০/-	৫০০/-
২৭.	গোপালপুর বাজার	শ্রীরামপুর	৫,০০০/-	৫০০/-
২৮.	সাতমোড়া বাজার	সাতমোড়া	৫,০০০/-	৫০০/-
২৯.	দশমৌজা বাজার	সাতমোড়া	৫,০০০/-	৫০০/-
৩০.	রতনপুর বাজার	রতনপুর	৫,০০০/-	৫০০/-
৩১.	খাগাতুয়া বাজার	রতনপুর	৫,০০০/-	৫০০/-
৩২.	নাটঘর বাজার	নাটঘর	৫,০০০/-	৫০০/-
৩৩.	কালঘড়া বাজার	রছুল্লাবাদ	৫,০০০/-	৫০০/-
৩৪.	মোল্লা বাজার	রছুল্লাবাদ	৫,০০০/-	৫০০/-
৩৫.	লাউরফতেপুর বাজার	লাউরফতেপুর	৫,০০০/-	৫০০/-
	মোট=		৫৭,০৮,৫০০/-	

২৯/০১/২০২০

(মোহাম্মদ মাসুম)
উপজেলা নির্বাহী অফিসার
নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া

স্মারক নং-০৫.৪২.১২৮৫.০১.২৪.০০৩.২০২০- ৭১ /১(১০০)

তারিখ ঃ ১৫ মাঘ ১৪২৬
২৯ জানুয়ারি ২০২০

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে

১. জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া।
২. পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া
৩. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ব্রাহ্মণবাড়িয়া।
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া।
৫. মেয়র, নবীনগর পৌরসভা, ব্রাহ্মণবাড়িয়া।
৬. সহকারী কমিশনার(ভূমি), নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া।
৭. উপজেলা .... কর্মকর্তা, নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া।
৮. চেয়ারম্যান, ...ইউনিয়ন পরিষদ, নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া।
৯. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,..............................ইউনিয়ন ভূমি অফিস, নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া। উক্ত বিজ্ঞপ্তিটি ঢোল সহরতের মাধ্যমে বহুল প্রচারক্রমে তামিল প্রতিবেদন এ কার্যালয়ে দাখিল করার জন্য বলা হল।
১০. সভাপতি/সেক্রেটারী ....বাজার/খেয়াঘাট কমিটি, নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া।
১১. জনাব ....১৪২৬ বাংলা সনের ইজারাদার ....বাজার, নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া।

২৯/০১/২০২০

উপজেলা নির্বাহী অফিসার
নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া